

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাঃ ১৬ (কারিগরি-২)
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৭.১১.০০২.১৫- ১০৭

তারিখ : ০৬ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ
১৯ এপ্রিল, ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়: কক্সবাজার জেলার মহেশখালীর মাতারবাড়ী কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ প্রকল্প এলাকায় কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন সংক্রান্ত।

সূত্র: অম/মন্ত্রী/২০১৩/০৪৫, তারিখ: ০৪/০৪/২০১৬খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে, অর্থ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত গত ০১/০১/২০১৬ তারিখ কক্সবাজার জেলার কয়েকটি এলাকা পরিদর্শন করেন এবং এর মধ্যে মাতারবাড়ী কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্রও অন্তর্ভুক্ত ছিল। উক্ত এলাকা পরিদর্শনপূর্বক তিনি একটি প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয় প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)। অত্র অঞ্চলে তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হওয়ায় পরিদর্শনকৃত এলাকার মানুষের পেশা পরিবর্তন করে শিল্প শ্রমিক ও ছোট-খাটো মিস্ত্রি কারিগর জাতীয় পেশা অবলম্বন করতে হবে বলে তিনি প্রতিবেদনে উল্লেখ করেছেন। এ জন্য তিনি অত্র এলাকায় নতুন কারিগরি প্রতিষ্ঠান স্থাপন ও বিদ্যমান কারিগরি প্রতিষ্ঠান সমূহের উন্নয়নের জন্য আধা-সরকারি পত্রের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়েছেন (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের নির্দেশনা অনুযায়ী বর্ণিত বিষয়ে জরুরিভিত্তিতে সরেজমিনে সম্ভাব্যতা যাচাই করার লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি পরিদর্শন টীম গঠন করা হলো:

- (১) অতিরিক্ত সচিব (কারিগরি), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) মহাপরিচালক বা তার প্রতিনিধি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- (৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- (৪) উপ-সচিব (অধিশাখা-১৬), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

উল্লিখিত টীম সরেজমিনে পরিদর্শন করে আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।

সংযুক্তি: বর্ণনামতে।


(সুবোধ চন্দ্র দালী)
উপ সচিব

ফোনঃ ৯৫৬৪৫৫২

ds_tec2@moedu.gov.bd

বিতরণ :

- ১। অতিরিক্ত সচিব (কারিগরি), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ৪। উপ সচিব (কারিগরি-২), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)